দৈনিক জনকণ্ঠ

তারিখ 11 JUN 1994
পৃষ্ঠা ১ কলাম ২

114

# শিক্ষক মহাঅবস্থান ধর্মঘট আজ

স্টাফ রিপোর্টার॥ পেশাগত বিভিন্ন দাবি আদায়ের লক্ষ্যে কেন্দ্রীয় শিক্ষক সংগ্রাম লিয়াজোঁ কমিটি আজ (শনিবার) রাজধানী ঢাকায় মহাঅবস্থান ধর্মঘট আহ্বান করেছে। সকাল দশটা থেকে জাতীয় প্রেসক্লাবের সামনে এই কর্মসূচী শুরু হবে। লিয়াজোঁ কমিটি অনির্দিষ্টকালের জন্য

(শেষ পৃষ্ঠা ১ কঃ দেখুন)

## শিক্ষক মহাঅবস্থান

(প্রথম পাতার পর)

অনুষ্ঠিতব্য এই মহাঅবস্থান ধর্মঘটে উপস্থিত হওয়ার জন্য দেশের সকল বেসরকারী স্কুল-কলেজের শিক্ষক-কর্মচারীদের প্রতি আহ্বান জানিয়েছে। কমিটি কর্মসূচী সফল করতে শিক্ষক-কর্মচারীদেরকে সঙ্গে করে চিড়া, গুড়, ছাতা, প্লাস্টিকের গ্লাস ও হাল্কা বিছানা নিয়ে আসারও আহ্বান জানিয়েছে। কর্মসূচী চলাকালীন সময়ে জরুরী প্রয়োজনে শিক্ষক-কর্মচারীদেরকে খিলগাঁও মডেল কলেজ, খিলগাঁও মডেল হাইস্কুল ও খিলগাঁও হাইস্কুলে যোগাযোগ করতে বলা হয়েছে।

শিক্ষক সংগ্রাম লিয়াজোঁ কমিটি আহূত আজ শনিবার সকাল দশটায় জাতীয় প্রেসক্লাবের সামনে অনুষ্ঠিতব্য অনির্দিষ্টকালের মহা অবস্থান ধর্মঘট যথারীতি অনুষ্ঠিত হবে। ইতোমধ্যে এ ব্যাপারে সকল প্রস্তুতি সম্পন্ন করা হয়। শুক্রবার মোহাম্মদ কামরুজ্জামানের সভাপতিত্বে লিয়াজোঁ কমিটির এক সভায় শিক্ষক নেতৃবৃন্দ এ সম্পর্কিত শিক্ষা মন্ত্রণালয়ের প্রেসনোট প্রত্যাখ্যান করেছেন। নেতৃবৃন্দ বলেছেন, দাবি আদায় না হওয়া পর্যন্ত শিক্ষকদের আন্দোলন অব্যাহত থাকবে।